

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

স্মারক নম্বর-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/৩

তারিখ : ১৫-০৫-২০২৩ খ্রি.

বিষয় : ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের দশম শ্রেণির ছাড়পত্রের (ইটিসি) প্রসঙ্গে।

এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সকল প্রতিষ্ঠান-প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের দশম শ্রেণির ছাড়পত্রের (ইটিসি) অনুমতির জন্য অনলাইনে আবেদনের সময়সীমা ১৫ই মে হতে ফরম ফিলআপের পূর্ব পর্যন্ত চলমান থাকবে। কোন অবস্থাতেই উল্লিখিত সময়ের পর ছাড়পত্রের (ইটিসি) অনুমতি প্রদান করা হবে না। উল্লিখিত সময়ের পর সকল প্রধান শিক্ষককে কোন অবস্থাতেই ছাড়পত্রের আবেদনে সুপারিশ/স্বাক্ষর না করার জন্য বলা হল। উল্লেখ থাকে যে একটি বিদ্যালয়ে একটি শ্রেণিতে ১৫ জনের অধিক শিক্ষার্থী ETC এর মাধ্যমে ভর্তি হতে পারবে না।

অন্য বোর্ড হতে আগত শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্বতন বোর্ডের নিবন্ধন রশিদ (প্রাপ্তির পর) বোর্ডে জমা দিতে হবে। শিক্ষার্থী বিভাগ ও বিষয় ভর্তিচ্ছু বিদ্যালয়ে পড়াবার জন্য বোর্ডের অনুমতি থাকলেই ভর্তি করা যাবে। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত ভিন্ন অন্য কোন ব্যক্তি তার পোষ্যকে যুক্তিসংগত কারণ থাকলে ৮০০/- (আটশত টাকা মাত্র) টাকা ফিস প্রদানপূর্বক বোর্ডের আওতাধীন যেকোন বিদ্যালয়ে ভর্তির জন্য অনলাইনে ছাড়পত্রের (ইটিসি) অনুমতি প্রাপ্তির আবেদন করতে পারবেন। বোর্ডের অভ্যন্তরে (e-TC) এবং আন্তঃবোর্ড বদলী/ছাড়পত্র (e-BTC) অনলাইনে আবেদন এবং সোনালী সেবা করার নিয়মাবলি নিম্নরূপ:

# যশোর বোর্ডের ওয়েবসাইট ([www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)) ভিজিট করুন।

# বামপাশের Our Services থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।

# প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।

# বামপাশের মেন্যুবার থেকে e-TC Application → Creat Application মেন্যুতে ক্লিক করুন।

# আবেদন ফরম পূরণ করে সাবমিট করুন। সাবমিট করার পর সোনালী সেবা প্রিন্ট করে সোনালী ব্যাংকে ফিস জমা করুন।

# সোনালী ব্যাংকে ফিস জমা হলে এবং ভর্তিচ্ছু বিদ্যালয় কর্তৃক অনলাইনে একই প্যানেল থেকে গ্রহণ করলে (Accept) স্বয়ংক্রিয়ভাবে e-TC আবেদন অনুমোদন হয়ে যাবে। অনুমোদনের পর একই প্যানেল থেকে চিঠি প্রিন্ট করা যাবে।

# আন্তঃবোর্ড ইটিসি (e-BTC) এর ক্ষেত্রে উপরে বর্ণিত একই পদ্ধতি অনুসরণ করতে হবে। তবে ভর্তিচ্ছু বিদ্যালয় কর্তৃক অনলাইনে (Accept) করার প্রয়োজন নেই।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

  
(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নম্বর-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২(১-৭)/৩

তারিখ : ১৫-০৫-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।

২। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।


৩। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।

৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)

৭। সংরক্ষণ নথি।

  
(সেলিনা সুলতানা)

উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭২৮